

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ইমাম শাফিয়ীর ছাত্র রাবী ইবন সূলাইমান বলেন

ইমাম শাফিয়ীর ছাত্র রাবী ইবন সুলাইমান বলেন:

سألت الشافعي عن صفات من صفات الله تعالى فقال حرام على العقول أن تمثل الله تعالى وعلى الأوهام أن تحده وعلى الظنون أن تقطع وعلى النفوس أن تفكر وعلى الضمائر أن تعمق وعلى الخواطر أن تحيط وعلى العقول أن تعقل إلا ما وصف به نفسه في كتابه أو على لسان نبيه

"আমি শাফিয়ীকে মহান আল্লাহর বিশেষণাদি সম্পর্কে প্রশ্ন করি। তিনি বলেন: মহান আল্লাহর তুলনা বা নমুনা স্থাপন মানবীয় জ্ঞানের জন্য হারাম, তাঁকে সীমায়িত করা মানবীয় কল্পনার জন্য হারাম, এ বিষয়ে নিশ্চয়তা দেওয়া মানবীয় ধারণার জন্য হারাম, এ নিয়ে চিন্তা করা মানব প্রবৃত্তির জন্য হারাম, এর গভীরে যাওয় মানব অন্তরের জন্য হারাম এবং সব বুঝে ফেলার চেষ্টা করা মানবীয় বুদ্ধির জন্য হারাম। মহান আল্লাহ তাঁর গ্রন্থে বা তাঁর রাসূল এর জবানীতে তাঁর নিজের বিষয়ে যা কিছু উল্লেখ করে নিজেকে বিশেষিত করেছেন তা বিশ্বাস করা ছাড়া অতিরিক্ত কিছুই করা বৈধ নয়।"[1]

ফুটনোট

[1] ইবন কুদামা, যাম্মুত তাবীল, পৃষ্ঠা ২৩; সুবকী, তাবাকাতুশ শাফিয়িয়্যা আল-কুবরা, খন্ড ৯, পৃষ্ঠা ৪০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7162

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন